# জেলা এনজিও বিষয়ক মাসিক সমন্বয় সভার নভেম্বর/২০২৩ মাসের কার্যবিবরণী

| | | |
|---|---|---|
| সভাপতি | : | শামীম আহমেদ<br>জেলা প্রশাসক, রাজশাহী |
| সভার স্থান | : | জেলা প্রশাসকের সম্মেলন কক্ষ |
| সভার তারিখ | : | ২৭/১১/২০২৩ খ্রি . |
| সময় | : | বেলা ১১ : ৩০ টা |
| উপস্থিত সদস্যগণের তালিকা | : | সভায় উপস্থিত ও অনুপস্থিত সদস্যগণের তালিকা পরিশিষ্ট- 'ক' তে প্রদত্ত |

সভায় উপস্থিত সদস্যগণকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করা হয়। সভার আলোচ্যসূচি অনুযায়ী কার্যপত্রের উপর আলোচনা করার জন্য অতিরিক্ত জেলা প্রশাসক (উন্নয়ন ও মানবসম্পদ ব্যবস্থাপনা) কে অনুরোধ জানানো হয়।

আলোচ্য সূচি- ১) **গত সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন:** সভায় গত ২৩/১০/২০২৩খ্রি: তারিখে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী পাঠ করে শোনানো হয়।

সিদ্ধান্ত : বিগত সভার কার্যবিবরণীতে কোন সংশোধনী/ আপত্তি না থাকায় তা সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়।

আলোচ্য সূচি- ২) **উপজেলা পর্যায়ে সভা আয়োজন** : অতিরিক্ত জেলা প্রশাসক (উন্নয়ন ও মানবসম্পদ ব্যবস্থাপনা) মহোদয় সভায় জানান যে, নভেম্বর/২০২৩ মাসে পবা, গোদাগাড়ী, তানোর, দুর্গাপুর, মোহনপুর, বাগমারা,পুঠিয়া ও বাঘা উপজেলায় এনজিও বিষয়ক সমন্বয় সভা অনুষ্ঠিত হয়েছে। চারঘাট উপজেলায় সভা অনুষ্ঠিত হয়নি মর্মে টেলিফোনে জানা গেছে।

সিদ্ধান্ত : উপজেলা নির্বাহী অফিসারগণ প্রতিমাসে এনজিও বিষয়ক সমন্বয় সভা করে সভার কার্যবিবরণী এ কার্যালয়ে প্রেরণ করবেন মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়।

আলোচ্য সূচি- ৩) **গৃহীত সিদ্ধান্তসমূহের পর্যালোচনা :** ০১। গত সভার সিদ্ধান্ত অনুযায়ী 'এস ও এস চিলড্রেন ভিলেজ ইন্টারন্যাশনাল ইন বাংলাদেশ' এবং 'নুর মিশন লুথারেনস গার্লস হোস্টল' এনজিও তাদের কার্যক্রম সম্পর্কে প্রেজেন্টেশন প্রদান করায় তাদেরকে ধন্যবাদ জ্ঞাপন করা হয়।

০২। মাইগভ প্ল্যাটফর্মে প্রত্যয়নপত্র প্রাপ্তির আবেদন দাখিলের বিষয়ে সম্যক ধারণা প্রদান করায় প্রোগ্রামার, আইসিটি অধিদপ্তর, রাজশাহী'কে ধন্যবাদ জ্ঞাপন করা হয়।

সিদ্ধান্ত : ডিসেম্বর/২০২৩ মাসে 'ডাসকো ফাউন্ডেশন' এবং 'প্রয়াস মানবিক উন্নয়ন সোসাইট' এনজিও রাজশাহী তাদের কার্যক্রম সম্পর্কে প্রেজেন্টেশন প্রদান করবেন।

আলোচ্য সূচি- ৪) **মাসিক প্রতিবেদন নিয়ে আলোচনা:** মোট ৮৩টি এনজিওর মধ্যে ৩১টি এনজিও জেলার ওয়েব পোর্টালে মাসিক প্রতিবেদন দাখিল করেছেন এবং ৫২ টি এনজিও প্রতিবেদন দাখিল করেননি।

সিদ্ধান্ত : প্রতি মাসের ১০ তারিখের মধ্যে সকল এনজিও প্রতিনিধিকে জেলা ওয়েব পোর্টালে মাসিক প্রতিবেদন দাখিলের জন্য এবং একই সাথে প্রতিটি প্রতিষ্ঠানকে সভায় যথাযথভাবে উপস্থিত থাকতে হবে মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়।

আলোচ্য সূচি- ৫) **এনজিওসমূহের কার্যক্রম পর্যালোচনা :** এনজিওসমূহের কার্যক্রম সম্পর্কে আলোচনা করা হয় এবং নিম্নবর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়।

| ক্র: নং | এনজিও'র নাম ও আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন হার | এসডিজি গোল | বাস্তবায়ন |
|---|---|---|---|---|---|
| ০১ | **এডাব:** সংস্থাটির সভা আয়োজন, বিভিন্ন দিবস পালন, নারী ও শিশু নির্যাতনের সাথে জড়িতদের শাস্তির দাবিতে মানববন্ধন, সকল এনজিও সদস্যদের সক্ষমতা বৃদ্ধিতে কার্যক্রম চলমান। | নারী ও শিশু নির্যাতনের বিরুদ্ধে কার্যক্রম অব্যহত রাখতে হবে মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়। | ৯৮% | ১,৫,১০,১১ | সংশ্লিষ্ট এনজিও প্রতিনিধি |
| ০২ | **কারিতাস বাংলাদেশঃ** সংস্থাটির শিক্ষা, যুব ও শিক্ষক গঠন প্রশিক্ষণ, বীমা সুবিধা প্রদান, প্রজনন ও শিশু স্বাস্থ্য, নিরাপদ মাতৃত্ব প্রশিক্ষণ, দম্পতি প্রশিক্ষণ, সাধারন চিকিৎসা, সার্জিকাল সু, আইজিএ সহায়তা, কম্পিউটার দক্ষতা উন্নয়ন প্রশিক্ষণ, শিক্ষা উপকরণ সহায়তা, কাটা ঠোঁট, কাটা তালু চিকিৎসা, কৃত্রিম অঙ্গ সংযোজন, খাদ্য নিরাপত্তা, ছাগল বিতরণ, শাক-সবজি চাষ, ক্ষুদ্র ঋণ কার্যক্রম চলমান। | প্রশিক্ষণ কর্মসূচি বাস্তবায়ন অব্যাহত রাখতে হবে। সেইসাথে সরকারি নির্দেশনার আলোকে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়। | ৯৮% | ১,২, ৩,৪,৫,৬, ৭, | সংশ্লিষ্ট এনজিও প্রতিনিধি |
| ০৩ | **আশ্রয়** : কৃষি ও অকৃষিখাতে উন্নয়নের জন্য ঋণ সহায়তা প্রদান, টেকসই ও নবায়নযোগ্য কর্মসূচি, গরু ও ছাগলের বাজার ব্যবস্থাপনা শক্তিশালীকরণের মাধ্যমে অর্থনৈতিক প্রবৃদ্ধি অর্জন, ইলেক্ট্রিক্যাল হাউস ওয়ারিং, কম্পিউটার প্রশিক্ষণ নিয়ে কার্যক্রম চলমান। | অর্থনৈতিক প্রবৃদ্ধি অর্জন, ইলেক্ট্রিক্যাল হাউস ওয়ারিং, কম্পিউটার প্রশিক্ষণের কার্যকরী ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ৯৮% | ১,২,৩,৪,৫,৮,১৩ | সংশ্লিষ্ট এনজিও প্রতিনিধি |

| ক্র: নং | এনজিও'র নাম ও আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন হার | এসডিজি গোল | বাস্তবায়ন |
|---|---|---|---|---|---|
| ০৪ | **টিএমএসএসঃ** সংস্থাটির ক্ষুদ্র ও মাঝারি ঋণ কার্যক্রম চলমান। | ক্ষুদ্র ও মাঝারি ঋণ বিতরণ কার্যক্রম অব্যাহত রাখতে হবে মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়। | ৯৮% | ১ ও ৮ | সংশ্লিষ্ট এনজিও প্রতিনিধি |
| ০৫ | **টি ভিলেজ এডুকেশন রিসোর্স সেন্টার (ভার্ক):** সংস্থাটির শিশু-কিশোরী দলের সেশন, নলকূপ স্থাপন ও গোড়া পাকাকরণ, স্যানিটেশন, মাসিক সভা, উন্নত চুলা বিতরণ, লোন বিতরণ, শিক্ষা, স্বাস্থ্য সেবা ও বিভিন্ন প্রশিক্ষণ কার্যক্রম চলমান। | উন্নত চুলা বিতরণ, লোন বিতরণ, শিক্ষা, স্বাস্থ্য সেবা ও বিভিন্ন প্রশিক্ষণ কার্যক্রম চলমান রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | ৯৮% | ১,২,৩,৫, ৬ ও ৮ | সংশ্লিষ্ট এনজিও প্রতিনিধি |
| ০৬ | **সচেতন সোসাইটি :** প্রমোটিং পিস এন্ড জাস্টিস, বাংলাদেশ কাউন্টার ট্রাফিকিং ইন পারসন, আরবান ম্যানেজমেন্ট অফ ইন্টারনাল মাইগ্রেশন ডিউ টু ক্লাইমেট চেঞ্জ এবং ঋণ বিতরণ কার্যক্রম চলমান। | ঋণ বিতরণ কার্যক্রমের লক্ষ্যমাত্রা অর্জনে সচেষ্ট থাকার সিদ্ধান্ত গৃহীত হয়। | ৯৮% | ১,২,৫,৮,১৩,ও ১৬ | সংশ্লিষ্ট এনজিও প্রতিনিধি |
| ০৭ | **সোসাইটি ফর একশন রিসার্চ এন্ড ডেভেলপমেন্ট (সার্ড):** সংস্থাটির জনসাধারণের আর্থ সামাজিক উন্নয়নের মাধ্যমে ক্ষুদ্র ঋণ কার্যক্রম ও সচেতনতার বিষয়ে সেমিনার করা কার্যক্রম চলমান। | আর্থ সামাজিক উন্নয়নে ক্ষুদ্রঋণ কার্যক্রম চলমান রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | ৯৭% | -- | সংশ্লিষ্ট এনজিও প্রতিনিধি |
| ০৮ | **সিসিডিবি:** সংস্থাটির জনগণের সমন্বিত দারিদ্র্য বিমোচন কর্মসূচি, ক্ষুধার অবসান, খাদ্য নিরাপত্তা, উন্নত পুষ্টিমান অর্জন, জেন্ডার সমতা এবং সকল নারী মেয়েদের ক্ষমতায়ন কার্যক্রম চলমান। | জেন্ডার সমতা অর্জন এবং সকল নারী মেয়েদের ক্ষমতায়ন কার্যক্রম চালিয়ে যাওয়ার সিদ্ধান্ত গৃহীত হয়। | ৯৭% | ১,২ ও ৫ | সংশ্লিষ্ট এনজিও প্রতিনিধি |
| ০৯ | **বাংলাদেশ পরিবার পরিকল্পনা (এফপিএবি):** সুবিধাবঞ্চিত নারী ও শিশুর প্রাথমিক স্বাস্থ্য সেবা, যৌন প্রজনন স্বাস্থ্য সেবা প্রদান, এ্যাডভোকেসি সেবাদানকারীর ক্ষমতায়ন, কিশোর কিশোরীদের যৌন ও প্রজনন, স্বাস্থ্য শিক্ষা অধিকার, ছোট পরিবার গঠনে সহায়তা কার্যক্রম চলমান। | কিশোর কিশোরীদের যৌন ও প্রজনন, স্বাস্থ্যশিক্ষা অধিকার, ছোট পরিবার গঠনে সহায়তা কার্যক্রম চলমান রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | ৯৭% | ৩,৪,৫,১০ ও ১৭ | সংশ্লিষ্ট এনজিও প্রতিনিধি |
| ১০ | **এ্যাসোসিয়েশন ফর কম্যুনিটি ডেভেলপমেন্ট (এসিডি) :** সংস্থাটির ইনিসিয়েটিভ টু টোব্যাকো কন্ট্রোল, প্রটেকটিং চিলড্রেন্স রাইটস থ্রু চাইল্ড পার্টিসিপেশন, শিক্ষা কার্যক্রম চলমান। | প্রটেকটিং চিলড্রেন্স রাইটস থ্রু চাইল্ড পার্টিসিপেশন, শিক্ষা কার্যক্রম চলমান রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | ১০০% | ৩,৪ ও ৫ | সংশ্লিষ্ট এনজিও প্রতিনিধি |
| ১১ | **ইউসেপ বাংলাদেশঃ** সংস্থাটির কারিগরি শিক্ষা কর্মসূচি ও বৃত্তিমূলক প্রশিক্ষণ, শোভন কর্মসংস্থান ও উদ্যোক্তা উন্নয়ন এবং সামাজিক ক্ষুদ্র নৃ-গোষ্ঠী, বিশেষ চাহিদা সম্পন্ন ব্যাক্তি অন্তর্ভূক্তি এবং নারী ও শিশু অধিকার সম্পর্কে সচেতনতামূলক উন্নয়ন কার্যক্রম চলমান। | প্রশিক্ষণ দক্ষতা উন্নয়ন, নারী ও শিশু অধিকার সম্পর্কে সচেতনতামূলক কার্যক্রম চলমান রাখতে হবে মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়। | ৯৮% | ১,২,৩ ৪,৫ ৮,১০ | সংশ্লিষ্ট এনজিও প্রতিনিধি |
| ১২ | **বাংলাদেশ লিগ্যাল এইড এন্ড সার্ভিসেস (ব্লাস্ট):** সংস্থাটির ওপিজেপি, সালিশ নিষ্পত্তি, মামলা দায়ের, আইনি পরামর্শ, কারাবন্দিদের তথ্য, আদালতের তথ্য, থানায় সহায়তা কার্যক্রম চলমান। | সালিশ নিষ্পত্তি, মামলা দায়ের, আইনি পরামর্শ প্রদান অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | ৯৮% | ৫ ও ১৬ | সংশ্লিষ্ট এনজিও প্রতিনিধি |
| ১৩ | **ব্র্যাক, রাজশাহীঃ** সংস্থাটির শিক্ষা, কিশোর-কিশোরী ক্লাব, গর্ভবতী মায়ের পরিচর্যা, শিশুদের পুষ্টিকণা, চক্ষু ক্যাম্প, মানবাধিকার ও আইন, আদালত মামলা, আইজিএ প্রশিক্ষণ, ওয়াটার স্যানিটেশন সম্পদ হস্তান্তর, সামাজিক ক্ষমতায়ন, ওয়াটার স্যানিটেশন হাইজিন, ফ্রি ল্যাট্রিন স্থাপন, ক্ষুদ্র ঋণ কার্যক্রম, শিক্ষা উপকরণ প্রদান, রোগী সনাক্ত ও চিকিৎসা, গাছের চারা বিতরণ, চোখের ছানি অপারেশন, অভিযোগ গ্রহণ, ঋণ বিতরণ, জলবায়ু পরিবর্তন, মানবিক সহায়তা কর্মসূচি নিয়ে কার্যক্রম চলমান। | কিশোর-কিশোরী ক্লাব, গর্ভবতী মায়ের পরিচর্যা, শিশুদের পুষ্টিকণা, চক্ষু ক্যাম্প, মানবাধিকার ও আইন, আদালত মামলা, আইজিএ প্রশিক্ষণ, কার্যক্রমকে বেগবান করার সিদ্ধান্ত গৃহীত হয়। | ৯৮% | ১, ২, ৩, ৪, ৫, ৬, ৮, ১০ ,১১, ১৩, ১৬ ও ১৭ | সংশ্লিষ্ট এনজিও প্রতিনিধি |

| ক্র: নং | এনজিও'র নাম ও আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন হার | এসডিজি গোল | বাস্তবায়ন |
|---|---|---|---|---|---|
| ১৪ | **বাংলাদেশ জাতীয় মহিলা আইনজীবি সমিতি :** সংস্থাটির দুস্থ ও অসহায় নারী ও শিশুদের বিনা খরচে আইনী সহায়তা, আইন সংশোধনে এ্যাডভোকেসি করা, নারী ও শিশু পাচার প্রতিরোধ, মামলা চলার সময়ে নারী ও শিশুকে বিপদে আশ্রয় প্রদান, শিশুর অধিকার প্রতিষ্ঠা কার্যক্রম চলমান। | নারী ও শিশু পাচার প্রতিরোধ, মামলা চলার সময়ে নারী ও শিশুকে বিপদে আশ্রয় প্রদান, শিশুর অধিকার প্রতিষ্ঠা কার্যক্রম চলমান রাখার সিদ্ধান্ত গ্রহীত হয়। | -- | -- | সংশ্লিষ্ট এনজিও প্রতিনিধি |
| ১৫ | **ডাসকো ফাউন্ডেশন :** সংস্থাটির স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্রের মাধ্যমে সভা, সরকারি বেসরকারি উভয় স্বাস্থ্য কেন্দ্রের জন্য রেফারাল লজিস্টিক সরবরাহের জন্য সহায়তা করা, গর্ভবতী মায়েদের তথ্যসমূহ হালনাগাদ করা, সরকারি কর্তৃপক্ষের সাথে উন্মুক্ত আলোচনা করা, নিরাপদ প্রসব সেবায় সহায়তা করা, কিশোর-কিশোরী নিয়ে পরিবার পরিকল্পনা, বাল্য বিবাহ বিষয়ে সচেতনতামূলক স্কুল সেশন করা, খাবার পানির জন্য সাবমারসিবল পাম্প স্থাপন করা, আমচাষি কৃষক দল গঠন, জেলা ও উপজেলা পর্যায়ে নাগরিক সমাজ সংগঠন, স্কুল ছাত্র/ছাত্রীদের সাথে মানবাধিকার সভা, নাট্য দল গঠনও প্রদর্শন, কার্যক্রম চলমান। | নিরাপদ প্রসব সেবায় সহায়তা করা, কিশোর-কিশোরীদের নিয়ে পরিবার পরিকল্পনা, বাল্য বিবাহ বিষয়ে সচেতনতামূলক কার্যক্রম চালিয়ে যাওয়ার সিদ্ধান্ত গৃহীত হয়। | ৯৬% | ১,৩, ৪,৫,১০ ও ১৬ | সংশ্লিষ্ট এনজিও প্রতিনিধি |
| ১৬ | **বুরো বাংলাদেশ :** সংস্থাটির ঋণ বিতরণ, সঞ্চয় জমা, রেমিটেন্স প্রদান ও স্যানিটেশন সংক্রান্ত প্রশিক্ষণ কার্যক্রম চলমান। | সংস্থার ঋণ বিতরণ ও স্যানিটেশন সংক্রান্ত প্রশিক্ষণ কার্যক্রম চলমান রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | ৯৫% | ১,২,৩,৫, ৬ | সংশ্লিষ্ট এনজিও প্রতিনিধি |
| ১৭ | **জাগরণী চক্র ফাউন্ডেশন :** সংস্থাটির ক্ষুদ্রঋণ, স্বাস্থ্য সহায়তা নিয়ে কার্যক্রম চলমান। | সংস্থার ঋণ বিতরণ ও স্বাস্থ্য সহায়তা সংক্রান্ত কার্যক্রম চলমান সিদ্ধান্ত গৃহীত হয়। | ৯৫% | | সংশ্লিষ্ট এনজিও প্রতিনিধি |
| ১৮ | **ফাউন্ডেশন ফর ওমেন এন্ড চাইল্ড এ্যাসিসটেন্স (এফডব্লিউসিএ):** সংস্থাটির রাজশাহী সিটি কর্পোরেশন এলাকায় প্রতিবন্ধী, বুদ্ধি প্রতিবন্ধী, বহুমাত্রিক প্রতিবন্ধী, অটিষ্টিক শিশুদের শিক্ষা উন্নয়নে জন্য বিশেষ শিক্ষা, থেরাপিউটিক সেবাসহ উপযোগী শিক্ষা ও প্রশিক্ষণের মাধ্যমে পূর্নবাসন, কর্মসূচি কার্যক্রম চলমান। | উপযোগী শিক্ষা ও প্রশিক্ষণের মাধ্যমে পূর্নবাসন, কর্মসূচি কার্যক্রম চলমান রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | ৯৮% | ৪ ও ৫ | সংশ্লিষ্ট এনজিও প্রতিনিধি |
| ১৯ | **ওয়ার্ল্ড ভিশন বাংলাদেশ :** সংস্থাটির প্রাক-প্রাথমিক শিক্ষা, অতিদরিদ্র্যদের পরিবার উন্নয়ন ও আত্মকর্মসংস্থান সৃষ্টি, সামাজিক নিরাপত্তা বলয়, বাল্যবিবাহ, যৌতুক প্রতিরোধ ও সচেতনতা, শিশু নিরাপত্তা, কৃষি উন্নয়ন ও খাদ্য নিরাপত্তা, গৃহায়ণ ও দুযোর্গ, স্পন্সরশীপ ও দক্ষতা বৃদ্ধিমূলক কার্যক্রম চলমান। | কৃষি উন্নয়ন ও খাদ্য নিরাপত্তা, গৃহায়ণ ও দুযোর্গ, স্পন্সরশীপ ও দক্ষতা বৃদ্ধিমূলক কার্যক্রম চলমান। | -- | ৩ ও ৪ | সংশ্লিষ্ট এনজিও প্রতিনিধি |
| ২০ | **উদ্দীপনঃ** সংস্থাটির প্রাথমিক স্বাস্থ্যসেবা পরামর্শ, গর্ভবতী মায়ের চেকআপ, শিক্ষাবৃত্তি প্রদান, গ্রাহক কল্যাণ সহায়তা, বিনামূল্যে ঔষধ বিতরণ, ক্ষুদ্রঋণ কর্মসূচি চলমান। | গর্ভবতী মায়ের প্রাথমিক স্বাস্থ্যসেবা সহ অন্যান্য কার্যক্রম অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | ৯৫% | ১,২,৩,৪ ও ১৭ | সংশ্লিষ্ট এনজিও প্রতিনিধি |
| ২১ | **স্বেচ্ছাসেবী বহুমুখী মহিলা সমাজ কল্যাণ সমিতি:** সংস্থাটির ভাতাভোগীদের খাদ্য, পুষ্টি, সামাজিক সচেতনতামূলক প্রশিক্ষণ, জন্মনিবন্ধন বিষয়ে এবং স্বাস্থ্য সেবা কেন্দ্র হতে মা ও শিশু সেবা প্রাপ্তির ক্ষেত্রে মহিলাদের অবহিতকরণ, স্থানীয় প্রশাসনের সাথে প্রকল্পের কার্যক্রম বাস্তবায়ন, সিএমসি কমিটি গঠন করা শিখন কেন্দ্র স্থাপন করা শিক্ষার্থীদের পাঠদান কার্যক্রম চলমান। | সিএমসি কমিটি গঠন করা শিখন কেন্দ্র স্থাপন করা শিক্ষার্থীদের পাঠদান কার্যক্রম অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | ১০০% | ৪,৫,৮,৯ | সংশ্লিষ্ট এনজিও প্রতিনিধি |

| ক্র: নং | এনজিও'র নাম ও আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন হার | এসডিজি গোল | বাস্তবায়ন |
|---|---|---|---|---|---|
| ২২ | **নবকলি ক্রাফট সেন্টার রাজশাহী মিশন চত্বর, রাজশাহী :** সংস্থাটির দু:স্থ, অবহেলিত, ঝরেপড়া ও ক্ষুদ্র নৃ-গোষ্ঠীর জনগণকে হস্তশিল্প ও বিউটি পার্লার প্রশিক্ষণ, প্রশিক্ষণার্থীদের আবাসন, খাদ্যসহায়তাসহ নিত্যপ্রয়োজনীয় দ্রব্যদি বিতরণ, সেলাইমেশিন ও অন্যান্য জীবিকা নির্বাহের উপকরণ প্রদান কার্যক্রম চলমান। | প্রশিক্ষণার্থীদের আবাসন, খাদ্যসহায়তাসহ নিত্যপ্রয়োজনীয় দ্রব্যদি বিতরণ, সেলাইমেশিন ও অন্যান্য জীবিকা নির্বাহের উপকরণ প্রদান অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | ৮৮% | ১,২,৩,৮, ১৭ | সংশ্লিষ্ট এনজিও প্রতিনিধি |
| ২৩ | **সচেতন নাগরিক কমিটি (সনাক):** সংস্থাটির ইয়েস সদস্যদের নিয়ে মাসিক সভা, প্যাক্টঅ্যাপ ব্যবহার বিষয়ক প্রশিক্ষণ, আন্তর্জাতিক বিভিন্ন দিবস উদ্‌যাপন, তথ্য অধিকার আইন ২০০৯ বিষয়ক প্রচারণা, শিক্ষা কার্যক্রম, দুর্নীতি বিরোধী সামাজিক আন্দোলন কার্যক্রম চলমান। | তথ্য অধিকার আইন ২০০৯ বিষয়ক প্রচারণা, শিক্ষা কার্যক্রম, দুর্নীতি বিরোধী সামাজিক আন্দোলন অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | ১০০% | ৩,৪,৫,১৩ , ও ১৬ | সংশ্লিষ্ট এনজিও প্রতিনিধি |
| ২৪ | **ওয়েভ ফাউন্ডেশন:** সংস্থাটির পিছিয়ে পড়া জনগোষ্ঠী (দলিত ক্ষুদ্র নৃ-গোষ্ঠী, প্রতিবন্ধী হিজড়া) ক্ষমতায়নের জন্য স্থানীয় সিএসও এবং সিবিওদের মানবাধিকার, সুশাসন, নারীর ক্ষামতায়ন, এ্যাডভোকেসি পরিচালনার জন্য প্রশিক্ষণ, সরকারি প্রতিষ্ঠান সমূহ হতে প্রদত্ত সেবাসমূহ, অভিগম্যতা, উঠান বৈঠক, ইউনিয়ন পরিষদ ডায়ালগ ক্যাম্পেইন, পথনাটক প্রদর্শন, এবং দক্ষতা উন্নয়ন প্রশিক্ষণ পরিচালনা কার্যক্রম চলমান। | ইউনিয়ন পরিষদ ডায়ালগ ক্যাম্পেইন, পথনাটক প্রদর্শন, দক্ষতা উন্নয়ন প্রশিক্ষণ পরিচালনা কার্যক্রম চলমান রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | ১০০% | ১ ও ৫ | সংশ্লিষ্ট এনজিও প্রতিনিধি |
| ২৫ | **ইকো-সোস্যাল ডেভেলপমেন্ট অর্গানাইজেশন (ইএসডিও):** সংস্থাটি উপানষ্ঠানিক প্রাথমিক শিক্ষার মাধ্যমে বিদ্যালয় বহির্ভূত ঝরেপড়া শিশূদেরকে প্রাথমিক শিক্ষা গ্রহণের জন্য সুযোগ করে দেয়া এবং শিক্ষার মূলধারায় নিয়ে আসা, উদ্যোক্তাদের খাদ্য নিরাপত্তা ও ব্যক্তিগত স্বস্থ্যবিধি বিষয়ক প্রশিক্ষণ প্রদান, উদ্যোক্তাদের পরিবেশগত সচেতনতা, ব্যবসায়িক উন্নয়নের জন্য কমন সার্ভিস ঋণ প্রদান, প্রশিক্ষিত তরুণ-তরুণীদের চাকরি সহায়তা, প্রান্তিক জনগোষ্ঠীর জীবন মান উন্নয়নে সহায়তা প্রদান, জলবায়ু পরিবর্তন, কর্মসংস্থান, বয়:সন্ধিকালীন শারীরিক ও মানসিক স্বাস্থ্য সম্পর্কে সচেতনতা, সমাজে বিদ্যমান বৈষম্য দূরীকরণ, সমাজ উন্নয়নে একতাবদ্ধ ও দলগত কার্যক্রম চলমান। | কর্মসংস্থান,বয়:সন্ধিকালীন শারীরিক ও মানসিক স্বাস্থ্য সম্পর্কে সচেতনতা, সমাজে বিদ্যমান বৈষম্য দূরীকরণ, সমাজ উন্নয়নে একতাবদ্ধ ও দলগত কার্যক্রম চলমান রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | ১০০% | ১,২,৪,৫,৮ ,৯,১২,১৩ | সংশ্লিষ্ট এনজিও প্রতিনিধি |
| ২৬ | **আসক্ত পুনর্বাসন সংস্থা(আপস):** সংস্থাটির মাদক চিকিৎসা, ফ্যামিলি মিটিং, উদ্দিষ্ট জনগোষ্ঠির মধ্যে এইচআইভি পরীক্ষা, শিক্ষা উপকরণ বিতরণ, দলীয় স্বাস্থ্য শিক্ষা, ত্রাণ বিতরণ, বিবাহ সংক্রান্ত সাহায্য, যাত্রা খরচ, মৃতের সৎকার ও সাধারণ স্বাস্থ্য সেবা নিয়ে কার্যক্রম চলমান। | ত্রাণ বিতরণ, বিবাহ সংক্রান্ত সাহায্য, যাত্রা খরচ, মৃতের সৎকার ও সাধারণ স্বাস্থ্য সেবা নিয়ে কার্যক্রম চলমান অব্যাহত রাখতে হবে। | ৯৫% | ১,২,৩,৪,৫ ,৬,৭ও ৮ | সংশ্লিষ্ট এনজিও প্রতিনিধি |
| ২৭ | **নুর মিশন বাংলাদেশ লুথারেন গার্লস হোস্টেল :** লুথারেন গার্লস হোস্টেল পরিচালনা, এডুকেশন এ্যাসিসটেন্স প্রোগ্রাম, কলেজ বিশ্ববিদ্যালয় ছাত্র-ছাত্রীদের শিক্ষা সহায়তা প্রদান কার্যক্রম চলমান। | ছাত্র-ছাত্রীদের শিক্ষা সহায়তা প্রদান কার্যক্রম চলমান রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | ৯৫% | ৪ | সংশ্লিষ্ট এনজিও প্রতিনিধি |
| ২৮ | **নিকুঞ্জ বস্তি উন্নয়ন সংস্থা (নিবুস) :** সংস্থাটির শিক্ষা ও স্বাস্থ্য কর্মসূচি নিয়ে কার্যক্রম চলমান । | শিক্ষা ও স্বাস্থ্য কর্মসূচি নিয়ে কার্যক্রম চলমান রাখতে হবে। | ৯৬% | ৩ ও ৪ | সংশ্লিষ্ট এনজিও প্রতিনিধি |
| ২৯ | **কল্পনা প্রতিবন্ধী উন্নয়ন সংস্থা :** প্রতিবন্ধী মানুষের জীবনমান উন্নয়নে বিভিন্ন সহায়তা, উন্নত সেলাই প্রশিক্ষণ, স্বাস্থ্য নিরাপত্তা ও অধিকার, হুইল চেয়ার দল গঠন, ক্রীড়া বিষয়ক দল গঠন, সাংস্কৃতিক নানান কর্মসূচি, জীববৈচিত্র্য উন্নয়ন নিয়ে বিভিন্ন কার্যক্রম চলমান। | হুইল চেয়ার দল গঠন, ক্রীড়া বিষয়ক দল গঠন, সাংস্কৃতিক নানান কর্মসূচি, জীববৈচিত্র্য উন্নয়ন নিয়ে বিভিন্ন কার্যক্রম চলমান রাখতে হবে। | ৯০% | ৪,৮,১০,১ ১ ও ১৭ | সংশ্লিষ্ট এনজিও প্রতিনিধি |

| ক্র: নং | এনজিও'র নাম ও আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন হার | এসডিজি গোল | বাস্তবায়ন |
|---|---|---|---|---|---|
| ৩০ | **সেন্টার ফর ক্যাপাসিটি বিল্ডিং অব ভলান্টারী অর্গানাইজেশন (সিসিবিভিও):** ক্ষুদ্র নৃ-গোষ্ঠীর রক্ষা গোলা, খাদ্য নিরাপত্তা, মাধ্যমিক পর্যায়ে বিজ্ঞান শিক্ষা উন্নয়ন, জনগনের আইনি অধিকার ও সহায়তা, সচেতনতা, নাগরিক তথ্য অধিকার আন্দোলন কার্যক্রম চলমান। | জনগনের আইনি অধিকার ও সহায়তা, সচেতনতা, নাগরিক তথ্য অধিকার কার্যক্রম অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | ৯৫% | ১,২,৩,৪,৫,৬,১০,১২, ১৩,১৬ | সংশ্লিষ্ট এনজিও প্রতিনিধি |
| ৩১ | **মিশনারীজ অব চ্যারিটিঃ** সংস্থাটির প্রাথমিক স্বাস্থ্য সেবা, খাদ্য, বিনামূল্যে ওষুধ ও চিকিৎসা সেবা, প্রাথমিক ও কারিগরি শিক্ষা, দরিদ্র মেয়ে/মহিলাদের বিনামূল্যে সেলাই শিক্ষা, ত্রাণ বিতরণ ও সেবা নিয়ে কার্যক্রম চলমান। | সংস্থার প্রাথমিক স্বাস্থ্য সেবা ও ত্রাণ বিতরণ কার্যক্রম চলমান অব্যাহত রাখতে হবে। | ৯৫% | ২,৩,৪,৫,১০,১১ ও ১৭ | সংশ্লিষ্ট এনজিও প্রতিনিধি |
| ৩২ | **সিআরপি, রাজশাহী :** সংস্থাটির চিকিৎসা সেবা, কৃত্রিম হাত/পা সংযোজন, বৃত্তিমূলক প্রশিক্ষণ, প্রতিবন্ধীদের খেলাধুলা, সংগঠন তৈরী ও সক্ষমতা বৃদ্ধি, সচেতনতামূলক কার্যক্রম চলমান রয়েছে। | প্রতিবন্ধীদের খেলাধুলা, সংগঠন তৈরী ও সক্ষমতা বৃদ্ধির কার্যক্রম চলমান রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | ৯৫% | ১,৩,৪,৫, ৮,১০,১১ ও ১৭ | সংশ্লিষ্ট এনজিও প্রতিনিধি |
| ৩৩ | **বাস্তহারা ও প্রতিবন্ধি মানব উন্নয়ন সংস্থা :** কৃষি প্রকল্প, ঋণকর্মসুচি, সেলাই প্রশিক্ষণ স্বাস্থ্য নিয়ে কার্যক্রম চলমান। | ঋণ কর্মসূচি, সেলাই প্রশিক্ষণ, স্বাস্থ্য কার্যক্রম চলমান রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | ৯৫% | ২ ও ৩ | সংশ্লিষ্ট এনজিও প্রতিনিধি |
| ৩৪ | **রিপ্রোডাকটিভ হেলথ সার্ভিসেস ট্রেনিং এন্ড এডুকেশন প্রোগ্রম (আরএইচস্টেপ):** এম আর ট্রেনিং, এম আর ও প্যাক সেবা, পরিবার পরিকল্পনা, নিরাপদ মাতৃস্বাস্থ্য সেবা, প্যাথলজিক্যাল সেবা, বিসিসি এবং এ্যাডভোকেসি সেবা কার্যক্রম চলমান। | সংস্থার নিরাপদ মাতৃ স্বাস্থ্য সেবা, প্যাথলজিক্যাল সেবা কার্যক্রমের লক্ষ্যমাত্রা অর্জনে সচেষ্ট থাকার সিদ্ধান্ত গৃহীত হয়। | ৯৫% | ৩ও ৫ | সংশ্লিষ্ট এনজিও প্রতিনিধি |
| ৩৫ | **পদক্ষেপ মানবিক উন্নয়ন সংস্থা:** ক্ষুদ্রঋণ, মেধাবী শিক্ষার্থীগণের মাঝে উপ-বৃত্তি প্রদান ও বৈদেশিক রেমিটেন্স প্রদান কার্যক্রম চলমান | ক্ষুদ্রঋণ, মেধাবী শিক্ষার্থীগণের মাঝে উপ-বৃত্তি প্রদান, বৈদেশিক রেমিটেন্স প্রদান কার্যক্রম চলমান রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | ৯৩% | ১,২,৩,৪ ও ৫ | সংশ্লিষ্ট এনজিও প্রতিনিধি |
| ৩৬ | **এসওএস চিলড্রেন'স ভিলেজ ইন্টারনশাশনাল ইন বাংলাদেশ:** শিশু অধিকার প্রতিষ্ঠা, শিক্ষা ও প্রশিক্ষণের মাধ্যমে আত্মনির্ভরশীলতা প্রতিষ্ঠায় সহায়তা করা, যুব-কিশোরদের অধিকতর উন্নতি ও জীবন দক্ষতা সামাজিক কেন্দ্র রাজশাহী মাধ্যমে কমিউনিটি পর্যায়ে হতদরিদ্র পরিবারের শিশুদের শিক্ষা এবং খাবার সহায়তা করা নিয়ে কার্যক্রম চলমান। | যুব-কিশোরদের অধিকতর উন্নতি ও জীবণ দক্ষতা সামাজিক কেন্দ্র রাজশাহী মাধ্যমে কমিউনিটি পর্যায়ে হতদরিদ্র পরিবারের শিশুদের শিক্ষা এবং খাবার সহায়তা করা নিয়ে কার্যক্রম চলমান অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | ১০০% | ১,২,৩,৪,৫ ও ৮ | সংশ্লিষ্ট এনজিও প্রতিনিধি |
| ৩৭ | **শাপলা গ্রাম উন্নয়ন সংস্থা :** সংস্থাটির ক্ষুদ্র ঋণ, গৃহায়ণ কর্মসূচী, Water & Sanitation, Non-Formal Primary Education, Shapla Art & Cultural, Shapla LCT Training, স্বাস্থ্য এবং পুষ্টি, মৌচাষ প্রকল্প, গরীব ও মেধাবি ছাত্র-ছাত্রীদের বৃত্তি প্রদান কার্যক্রম চলমান। | গরীব ও মেধাবি ছাত্র-ছাত্রীদের বৃত্তি প্রদান কার্যক্রম চলমান রাখার সিদ্ধান্ত গৃহীত হয়।। | ৯৭% | ১,২,৩,৪,৫,৬ ও ৮ | সংশ্লিষ্ট এনজিও প্রতিনিধি |
| ৩৮ | **বারসিক রাজশাহী রিসোর্স সেন্টার:** সংগঠনটির উন্নয়ন বীজ ও নিরাপদ কৃষি, করোনা মহামারি প্রাণবৈচিত্র্য সুরক্ষা ও খাদ্য নিরাপত্তা, কৃষকের পণ্যের ন্যায্যমূল্যে বীজ বিনিময়, খাদ্য সহায়তা সভা, সামাজিক গবেষণা, পরিবেশ ও প্রতিবেশি বিষয়ে সচেতনতা কার্যক্রম চলমান। | সংগঠন উন্নয়ন বীজ ও নিরাপদ কৃষি, বীজ বিনিময় কার্যক্রম চলমান রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | ৯৮% | ২,৫,১০,১১,১৩ ও ১৬ | সংশ্লিষ্ট এনজিও প্রতিনিধি |

| ক্র: নং | এনজিও'র নাম ও আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন হার | এসডিজি গোল | বাস্তবায়ন |
|---|---|---|---|---|---|
| ৩৯ | **লেডিস অর্গানাইজেশন ফর সোস্যাল (লফস):** সুবিধাবঞ্চিত শিশুদের শিক্ষা ও স্বাস্থ্য সচেতনতা কর্মসূচি, প্রশিক্ষণ কর্মসূচি, মানবিক সহায়তা কর্মসূচি নারী ও শিশু নির্যাতন প্রতিরোধে সচেতনতা কর্মসূচি ও তথ্য প্রকাশ, বাল্য বিবাহ, শিশুশ্রম বিষয়ক, কর্মসংস্থান সৃষ্টির লক্ষ্যে আয়মুখী কার্যক্রম চলমান। | বাল্য বিবাহ, শিশু শ্রম ও কর্মসংস্থান সৃষ্টির লক্ষ্যে আয়মুখি, কার্যক্রম চলমান রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | -- | ৪ ও ১১ | সংশ্লিষ্ট এনজিও প্রতিনিধি |
| ৪০ | **দিনের আলো হিজড়া সংঘ :** হিজড়াদের জীবনমান উন্নয়ন ও কর্মসংস্থানের লক্ষ্যে রাজশাহী সিটি কর্পোরেশন ও ০৯টি উপজেলায় হিজরাদের ধর্মীয় শিক্ষা নিয়ে কার্যক্রম চলমান। | হিজড়াদের জীবনমান উন্নয়ন ও কর্মসংস্থানের লক্ষ্যে হিজড়াদের ধর্মীয় শিক্ষা নিয়ে কার্যক্রম অব্যাহত রাখতে হবে | -- | ৫ | সংশ্লিষ্ট এনজিও প্রতিনিধি |
| ৪১ | **বাঁচার আশা সাংস্কৃতিক সংগঠন:** গ্রুপ এডুকেশন, সভা, বিভিন্ন দিবস, আইনি সহায়তা, স্বাস্থ্যসেবা নিয়ে কার্যক্রম চলমান। | আইনি সহায়তা, স্বাস্থ্য সেবা ও সরকারি নির্দেশনা নিয়ে কার্যক্রম চালিয়ে যেতে হবে। | ৯৫% | ৩,৪,১০ ও ১৫ | সংশ্লিষ্ট এনজিও প্রতিনিধি |
| ৪২ | **মানব সেবা অভিযানঃ** সংস্থাটির ক্ষুদ্রঋণ, সুদমুক্ত শিক্ষা ঋণ, সুদমুক্ত প্রতিবন্ধী ঋণ, শিক্ষা, স্বাস্থ্য ও চিকিৎসা সহায়তা, অসহায়- দুঃস্থ ভাতা, দুঃস্থ মুক্তিযোদ্ধাদের আর্থিক সাহায্য, যাকাত ফান্ড, দুস্থ মেয়েদের বিবাহ, অসহায় ও দুঃস্থ পরিবারের বিদ্যুৎ সংযোগ, দাতব্য চিকিৎসালয় ও বৃদ্ধনিবাস নিয়ে কার্যক্রম চলমান। | সুদমুক্ত প্রতিবন্ধী ঋণ, শিক্ষা, স্বাস্থ্য ও চিকিৎসা দুঃস্থ মুক্তিযোদ্ধাদের আর্থিক সাহায্য প্রদান সংক্রান্ত কার্যক্রম বেগবান করার সিদ্ধান্ত গৃহীত হয়। | ৯৫% | ১,৩,৪,৫, ও ৮ | সংশ্লিষ্ট এনজিও প্রতিনিধি |
| ৪৩ | **নবদিগন্ত মহিলা উন্নয়ন সংস্থাঃ** সংস্থাটির বাল্য বিবাহ, যৌতুক, নারী ও শিশু আইনি সহায়তা নিয়ে কার্যক্রম চলমান। | বাল্য বিবাহ, যৌতুক, নারী ও শিশু, আইনি সহায়তা নিয়ে কার্যক্রম চলমান অব্যাহত রাখতে হবে। | ৯০% | ৫ | সংশ্লিষ্ট এনজিও প্রতিনিধি |
| ৪৪ | **ইন্টিগ্রেটেড ডেভেরপমেন্ট ফাউন্ডেশন :** সংস্থাটির সব ধরনের দারিদ্র্যের অবসান, ক্ষুধার অবসান, খাদ্য নিরাপত্তা ও উন্নত পুষ্টিমান অর্জন, কৃষির প্রসার, সকল বয়সী মানুষের জন্য সুস্বাস্থ্য ও কল্যাণ নিশ্চিতকরন। মান সম্মত শিক্ষার সুযোগ সৃষ্টি, জেন্ডার সমতা, নারী মেয়েদের ক্ষমতায়ন, জ্বালানি সহজলভ্য করা, কর্মসংস্থান সৃষ্টি, আন্তর্ভূক্তিমূলক টেকসই অর্থনৈতিক প্রবৃদ্ধি অর্জন। অভিঘাত সহনশীল অবকাঠামো নির্মাণ, টেকসই শিল্পয়ানের প্রবর্ধন ও উদ্ভাবনার প্রসার, আন্তদেশীয় সমতা কমিয়ে আনা, জনবসতি গড়ে তোলা, জলবায়ু পরিবর্তন ও এর প্রভাব মোকাবেলায় জরুরি কর্মব্যবস্থা গ্রহণ, বৈশ্বিক অংশীদারিত উজ্জীবিতকরণ ও বাস্তবায়নের উপায়সমূহ শক্তিশালী করা নিয়ে কার্যক্রম চলমান। | ক্ষুধার অবসান, খাদ্য নিরাপত্তা ও উন্নত পুষ্টিমান অর্জন, কৃষির প্রসার, সকল বয়সী মানুষের জন্য সুস্বাস্থ্য ও কল্যাণ নিশ্চিতকরন কার্যক্রম বাস্তবায়নের সিদ্ধান্ত গ্রহীত হয়। | ৯৮% | ১,২,৩,৪,৫ ,৭,৮,৯,১০ ,১১,,১২,১৩ ও ১৭ | সংশ্লিষ্ট এনজিও প্রতিনিধি |
| ৪৫ | **ডেমিয়েন ফাউন্ডেশন বাংলাদেশ:** সংস্থাটি সামাজিক ভাবে যক্ষ্মা ও কুষ্ঠ রোগ নির্ণয় ও চিকিৎসা প্রদান, কমপ্লেক্সে অবস্থিত ক্লিনিকের মাধ্যমে যক্ষ্মা ও কুষ্ঠ রোগ নির্ণয় ও চিকিৎসা সেবা প্রদান, মাইক্রোসকোপি সেন্টারের মাধ্যমে বিনামূল্যে যক্ষ্মা ও কুষ্ঠ রোগ নির্ণয় সংক্রান্ত কার্যক্রম চলমান। | মাইক্রোসকোপি সেন্টারের মাধ্যমে বিনা মূল্যে যক্ষ্মা ও কুষ্ঠ রোগ নির্ণয় সংক্রান্ত কার্যক্রম চলমান অব্যাহত রাখতে হবে। | ৯৮% | ৩ ও ৬ | সংশ্লিষ্ট এনজিও প্রতিনিধি |
| ৪৬ | **বরেন্দ্র উন্নয়ন প্রচেষ্টা (বিইউপি) :** পিস ক্লাব গঠন, সদস্যদের জীবন দক্ষতা বৃদ্ধি মূলক প্রশিক্ষণ,আন্তর্জাতিক শান্তি দিবস পালন, পার্লামেন্টারি বিতর্ক প্রতিযোগীদের ওয়ার্কসপ, বার্ষিক পিসক্লাব সম্মেলন, সাইকো-সোস্যাল সাপোর্ট গ্রুপ গঠন, শিক্ষা প্রতিষ্ঠান কর্তৃক আন্তর্জাতিক শান্তি দিবস পালন কার্যক্রম চলমান। | সাইকো-সোস্যাল সাপোর্ট গ্রুপ গঠন, শিক্ষা প্রতিষ্ঠান কর্তৃক আন্তর্জাতিক শান্তি দিবস পালন কার্যক্রম চলমান অব্যাহত রাখতে হবে। | ১০০% | ১৬ | সংশ্লিষ্ট এনজিও প্রতিনিধি |

| ক্র: নং | এনজিও'র নাম ও আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন হার | এসডিজি গোল | বাস্তবায়ন |
|---|---|---|---|---|---|
| ৪৭ | **পরিবর্তন:** জাতীয় মানবাধিকার সংগঠন আইন ও সালিশ কেন্দ্রের সহযোগিতায় কার্যক্রম চলমান। | জাতীয় মানবাধিকার সংগঠন আইন ও সালিশ কেন্দ্রের সহযোগিতায় কার্যক্রম চলমান রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | ৯৮% | ১,৩,৮ | সংশ্লিষ্ট এনজিও প্রতিনিধি |
| ৪৮ | **বাংলাদেশ পরিবেশ আইনবিধ সমিতি (বেলা):** সংস্থাটির উপকারভোগীদের দক্ষতা বৃদ্ধি করার ক্ষেত্রে নানা ধরণের সচেতনতামূলক কর্মকান্ড পরিচালনা করা, দূষণ নিয়ন্ত্রণ ও প্রাকৃতিক সম্পদের সুষ্ঠু ব্যবস্থাপনা ও সুশাসন পরিচালনার ক্ষেত্রে সরকারের এ্যাডভোকেসি, জনগণকে পরিবেশ বিষয়ে আইনি সহায়তা প্রদান, স্থানীয়, জাতীয় এবং আন্তর্জাতিক সংস্থার সাথে নেটওয়ার্ক স্থাপন, পরিবেশগত ন্যায়বিচার প্রতিষ্ঠা, উন্নয়নের ক্ষেত্রে পরিবেশগত অধিকার এবং প্রাকৃতিক সম্পদ সংরক্ষণ, পরিবেশ সুরক্ষায় আইনি কাঠামো ও প্রতিষ্ঠানগুলোকে আরো শক্তিশালীকরণ এবং তথ্য অধিকার নিয়ে কার্যক্রম চলমান রয়েছে। | পরিবেশগত ন্যায়বিচার প্রতিষ্ঠা, উন্নয়নের ক্ষেত্রে পরিবেশগত অধিকার এবং প্রাকৃতিক সম্পদ সংরক্ষণ, পরিবেশ সুরক্ষায় আইনি কাঠামো ও প্রতিষ্ঠানগুলোকে আরো শক্তিশালী করণ নিয়ে কার্যক্রম চলমান অব্যাহত রাখতে হবে | ৯৯% | ১৩,১৪ ও ১৫ | সংশ্লিষ্ট এনজিও প্রতিনিধি |
| ৪৯ | **স্যানক্রেড ওয়েলফেয়ার ফাউন্ডেশন :** ক্লাবফুট বা মুগুর পা নিয়ে জন্মানো শিশুদের চিকিৎসা ও প্রশিক্ষণ প্রদান, ওরিয়েন্টেশন, জনসচেতনতামূলক কার্যক্রম ও বিশ্ব ক্লাবফুট দিবস পালন নিয়ে কার্যক্রম চলমান। | মুগুর পা নিয়ে জন্মানো শিশুদের চিকিৎসা ও প্রশিক্ষণ প্রদান কার্যক্রম বেগবান করার সিদ্ধান্ত গৃহীত হয়। | ৯০% | -- | সংশ্লিষ্ট এনজিও প্রতিনিধি |
| ৫০ | **সিএমডি গার্লস হোস্টেল:** মেয়েদের নিরাপদ আবাসন, খাদ্য, প্রাতিষ্ঠানিক শিক্ষা, চিকিৎসা ও সাংস্কৃতিক বিকাশ নিশ্চিত করা। স্কুল ইউনিফরম প্রদান, স্কুল ও টিউটেরিয়াল ফি, শিক্ষা উপকরণ ও সামগ্রী, জাতীয়/আন্তর্জাতিক দিবস পালন, সাংস্কৃতিক, নৈতিক শিক্ষা কার্যক্রম, শিশু অধিকার ও শিশু নিরাপত্তা বিধান করা এবং শিশুদের মৌলিক আধিকার নিশ্চিত করা, অভিজ্ঞ কর্মী দ্বারা শিশু পরিচর্যা, চিকিৎসা সহায়তা প্রদান, স্বাস্থ্য উপকরণ ও ক্রীড়া সামগ্রী প্রদান কার্যক্রম চলমান। | অভিজ্ঞ কর্মীদ্বারা শিশু পরিচর্যা, চিকিৎসা সহায়তা প্রদান, স্বাস্থ্য উপকরণ ও ক্রীড়া সামগ্রী প্রদান কার্যক্রম চালিয়ে যাওয়ার সিদ্ধান্ত গৃহীত হয়। | ১০০% | ৩ | সংশ্লিষ্ট এনজিও প্রতিনিধি |
| ৫১ | **জাগো ফাউন্ডেশন ট্রাস্ট:** সংস্থাটি নিয়মিত ক্লাস পরিচালনার মাধ্যমে প্রি-প্রাইমারি থেকে ক্লাস এইট পর্যন্ত শিক্ষার্থীদের গুণগত শিক্ষা দান কার্যক্রম চলমান। | শিক্ষার্থীদের গুণগত শিক্ষা দান কার্যক্রম বেগবান করার সিদ্ধান্ত গৃহীত হয়। | ১০০% | ৪ | সংশ্লিষ্ট এনজিও প্রতিনিধি |
| ৫২ | **প্রশিকা মানবিক উন্নয়ন কেন্দ্র:** সংস্থাটির নারী উন্নয়ন ও ক্ষমতায়ণ, সামাজিক বনায়ন ও জলবায়ু পরিবর্তন ঝুঁকি মোকাবেলা, দুযোর্গ ব্যবস্থাপনা ও ত্রাণ কার্যক্রম, মাদকাসক্তি প্রতিরোধ, যৌতুক ও বাল্যবিবাহ প্রতিরোধ জনসংগঠন বিনির্মান, ক্ষুদ্রঋণ বিতরণ, জাতীয় ও আন্তর্জাতিক দিবসসমূহ পালন নিয়ে কার্যক্রম চলমান। | বাল্যবিবাহ প্রতিরোধ জনসংগঠন বিনির্মাণ, ক্ষুদ্রঋণ বিতরণ, জাতীয় ও আন্তর্জাতিক দিবসসমূহ পালন নিয়ে কার্যক্রম চলমান। | | ২,৩,৬,৮, ৯,১১,১৩ ও ১৭ | সংশ্লিষ্ট এনজিও প্রতিনিধি |
| ৫৩ | **নার্সিং ইনস্টিউট খ্রিস্টিয়ান মিশন হাসপাতাল:** সংস্থাটি মিডওয়াইফারি প্রশিক্ষণার্থীদের বৃত্তি/উপবৃত্তি প্রদান সংক্রান্ত কার্যক্রম চলমান। | প্রশিক্ষণার্থীদের বৃত্তি/উপবৃত্তি প্রদান কার্যক্রম বেগবান করার সিদ্ধান্ত গৃহীত হয়। | ৯৫% | ৩ ও ৪ | সংশ্লিষ্ট এনজিও প্রতিনিধি |
| ৫৪ | **থানাপাড়া সোয়ালোজ ডেভেলপমেন্ট সোসাইটিঃ** সংস্থাটির ঋণ কার্যক্রম, হস্তশিল্প, গ্রাম উন্নয়ন, এক্সপোর্ট, শোরুম, সালিশ মীমাংসা, তথ্য সংগ্রহ, ব্র্যাক শিক্ষা কর্মসূচি, কম্পিউটার প্রশিক্ষণ, চিকিৎসা সংক্রান্ত কার্যক্রম চলমান। | সংস্থার কম্পিউটার প্রশিক্ষণ, চিকিৎসা সংক্রান্ত লক্ষ্যমাত্রা অর্জনে সচেষ্ট থেকে কার্যক্রম বেগবান করার সিদ্ধান্ত গৃহীত হয়। | ৯৫% | ১,৩,৪,৫ | সংশ্লিষ্ট এনজিও প্রতিনিধি |

| ক্র: নং | এনজিও'র নাম ও আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন হার | এসডিজি গোল | বাস্তবায়ন |
|---|---|---|---|---|---|
| ৫৫ | **ঢাকা আহ্ছানিয়া মিশন :** সংস্থাটির এইচআইভি প্রতিরোধে জ্ঞান ও দক্ষতা বৃদ্ধির জন্য একক ও দলীয় শিক্ষা প্রদান, নিরাপদ যৌন আচরণ করার জন্য কনডম, লুব্রিকেন্ট ও বিসিসি উপকরণ বিতরণ, এইচআইভি পরীক্ষা ও কাউন্সিলিং করা, যৌনবাহিত রোগের চিকিৎসা ও সাধারণ রোগের চিকিৎসা, উপকারভোগীদের জীবনমান উন্নয়নে প্রশিক্ষণ প্রদান, শিক্ষামূলক বিনোদন ব্যবস্থা, বিভিন্ন স্টেকহোল্ডারদের সাথে এ্যাডভোকেসি সভা আয়োজন নিয়ে কার্যক্রম চলমান। | উপকারভোগীদের জীবনমান উন্নয়নে প্রশিক্ষণ প্রদান, শিক্ষামূলক বিনোদন ব্যবস্থা কার্যক্রম অব্যহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | ৯৮% | ৩ ও ৪ | সংশ্লিষ্ট এনজিও প্রতিনিধি |

বিবিধ -৬

| | | |
|---|---|---|
| **পরপর তিন মাস সভায় অনুপস্থিত এনজিও নিয়ে আলোচনা :** সভায় পরপর তিনটি এনজিও বিষয়ক সমন্বয় সভায় অনুপস্থিত ০১। তৃণমূল ০২। আদিবাসী উন্নয়ন সংস্থ (আউস) ০৩। উত্তরা ডেভেলপমেন্ট প্রোগ্রাম সোসাইটি (ইউডিপিএস) ০৪। মানবিক সাহায্য সংস্থা ০৫। রজনীগন্ধা প্রতিবন্ধী উন্নয়ন সংস্থা ০৬। গ্লোবাল ওয়ান ০৭। সমতা নারী কল্যাণ সংস্থা ০৮। এসেডো ০৯। এফএইচ এ্যাসোসিয়েশন ১০। বাংলাদেশ মহিলা পরিষদ ১১। চাইল্ড সাইট ফাউন্ডেশন ১২। নাগরিক উদ্যেগ ১৩। সিরাক বাংলাদেশ এনজিও পরপর তিনটি সভায় অনুপস্থিত। এ বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। | অনুপস্থিত এনজিও প্রতিনিধিগণ পরবর্তী সভায় অনুপস্থিত থাকলে এ কার্যালয়ের এনজিও বিষয়ক সমন্বয় সভার তালিকা হতে তাদের সদস্যপদ বাতিলের ব্যবস্থা গ্রহণ করা হবে মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়। | সহকারী কমিশনার, এনজিও শাখা |

পরিশেষে আর কোন আলোচনা না থাকায় সকল এনজিও'র সাফল্য কামনা করে উপস্থিত সকলকে ধন্যবাদ জ্ঞাপনের মাধ্যমে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

২৭/১১/২০২৩


শামীম আহমেদ
জেলা প্রশাসক
রাজশাহী
ফোন ০২৫-৮৮৮৫৭০৫০
dcrajshahi@mopa.gov.bd


গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, রাজশাহী
(এনজিও বিষয়ক শাখা)
www.rajshahi.gov.bd

তারিখ : ২২ অগ্রহায়ণ ১৪৩০ বঙ্গাব্দ
০৭ ~~নভেম্বর~~ ডিসেম্বর ২০২৩ খ্রিস্টাব্দ

স্মারক নং-০৫.৪৩.৮১০০.০৩০.০৩.০০১.২১. ১২৪

অনুলিপি সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে প্রেরণ করা হলো :

০১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ/ প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, ঢাকা
০২. সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
০৩. মহাপরিচালক, এনজিও বিষয়ক ব্যুরো, প্রধানমন্ত্রীর কার্যালয়, প্লট-ই-, ১৩/বি,আগারগাঁও, শেরে বাংলা নগর, ঢাকা- ১২০৭
০৪. বিভাগীয় কমিশনার, রাজশাহী বিভাগ, রাজশাহী
০৫. উপপরিচালক, স্থানীয় সরকার, জেলা প্রশাসকের কার্যালয়, রাজশাহী
০৬. অতিরিক্ত জেলা প্রশাসক (উন্নয়ন ও মানবসম্পদ ব্যবস্থাপনা/শিক্ষা ও আইসিটি/সার্বিক/রাজস্ব), রাজশাহী
০৭. উপজেলা নির্বাহী অফিসার (সকল), ................................., রাজশাহী
০৮. প্রোগ্রামার, আইসিটি অধিদপ্তর, রাজশাহী (তাঁকে এই কার্যবিবরণী এনজিও ওয়েব পোর্টালে আপলোড করার জন্য অনুরোধ করা হলো সেই সাথে সকল এনজিও প্রতিনিধিকে ০৩ (তিন) দিনের মধ্যে) নভেম্বর/২৩ মাসের কার্যক্রম বাস্তবায়ন সংক্রান্ত প্রতিবেদন দাখিলের জন্য অনুরোধ করা হলো)
০৯. ব্র্যাক জেলা সমন্বয়ক, পরিজাত আবাসিক এলাকা, রাজশাহী

০৭/১২/২০২৩
জেলা প্রশাসক
রাজশাহী